

৪০

104

ক্যাম্পাসে শান্তি রক্ষায় কতিপয় সিদ্ধান্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া, মুজিব, সূর্যসেন,

জসীমউদ্দিন ও মোহসীন হলে তল্লাশী চালায় তবে কিছুই উদ্ধার করতে পারে নাই। পুলিশ বিভিন্ন হল হইতে ৭ জন ক্যান্টিন বয়কে জিজ্ঞাসা বাদের জন্য রমনা থানায় নিয়ে গিয়াছে। রমনা থানার একজন কর্মকর্তা জানান, ৪টা সেপ্টেম্বর ক্যাম্পাসে সংঘটিত মামুন ও মাহমুদের হত্যাকাণ্ডের ব্যাপারে জিজ্ঞাসাবাদের পর তাহাদের ছাড়িয়া দেওয়া হইবে।

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

ক্যাম্পাস (১ম পৃঃ পর)

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল এক জরুরী সভায় ক্যাম্পাসের আইন-শৃংখলা পরিস্থিতি সূচু রাখার লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। এই সিদ্ধান্ত অনুযায়ী হল কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বহিরাগত কেহ হলের কোন কক্ষে অবস্থান করিতে পারিবে না। কোন ছাত্র কর্তৃপক্ষের এই সিদ্ধান্ত অমান্য করিয়া অছাত্রকে হলে থাকার সুযোগ করিয়া দিলে তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে। রাত ১২ টার পর প্রতিটি হলের প্রধান গেট বন্ধ করিয়া দেওয়া হবে। গেটের ভালার চাবি প্রভোষ্ট অথবা হাউস টিউটরের কাছে থাকিবে। সকালে হলের দারওয়ান চাবি সংগ্রহ করিয়া গেট খুলিয়া দিবে। সভায় প্রতিটি হলে মেধার ভিত্তিতে সীট বন্টনের প্রক্রিয়া জোরদার করার ব্যাপারে হল প্রশাসনকে আন্তরিক হওয়ার পরামর্শ দিয়া বলা হয়, সীট বন্টনের ব্যাপারে কোন ছাত্র সংগঠন বা ছাত্রনেতা প্রভাব খাটাইতে পরিবে না। সন্ধ্যা অথবা সকালে প্রতিটি হলে নিয়মিত 'রোল কল' করা হইবে এ ব্যাপারে কেহ প্রতিবন্ধকতা সৃষ্টি করিলে তাহার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইবে। সভায় অক্টোবরের শেষ সপ্তাহ পর্যন্ত অতিথিদের হলে না রাখার জন্য ছাত্র-ছাত্রীদের পরামর্শ দেওয়া হইয়াছে।

ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা সভায় সভাপতিত্ব করেন। সকল হলের প্রভোস্ট, হাউস টিউটর, প্রক্টর, সহকারী প্রক্টর ও বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।